১৭ নং

তাল—একতালা

গুরুচাঁদ ডাকি কাতরে,
এসে উদয় হও জগৎবন্ধু, আমার এই হৃদয় মন্দিরে ।।

১। ভরিয়ে পাপের ভরা, আমি না পাই নদীর কূল
কিনারা গে---
লাভে মূলে হ'লেম হারা, এই বার ব্যাপারে ।।

২। ভব-নদীর তুফান ভারী, দেখিয়া আতঙ্কে মরি গো—
আমি কখন ডুবে মরি, এই আকূল সাগরে ।।

৩। পাপে তরী বোঝাই ভারী, গুরুচাঁদ তুমি বিনে আর নাই
কাণ্ডারী গো—
দিয়ে চরণ-তরী দয়াল হরি, পার কর মোরে ।।

৪। বানচোরা বাতাস মূহড়া, আমার টান মানে না
ভক্তি দড়া গো—
দয়াল গুরুচাঁদের দয়া ছাড়া উপায় নাই পারে ।।

---রজনীকান্ত

১৮ নং

তাল--একতালা রাগিনী--রামপ্রসাদী সুর

আমার গুরুচাঁদ এসেছে ফিরে--
ভক্তবৃন্দের মনোরঞ্জন প্রমথরঞ্জন নামটি ধরে ।।

১। অধম পাপী লোভী কামী, আয় কে কে যাবি ভব পারে ।
এবার যে না পারে যেতে পারে, হাত ধরে উঠাচ্ছে তারে ।।

২। আঠাশ মন্বান্তর পরে, এবার সুযোগ হয়েছে রে--
জীবের ভাগ্য ভাল তাইতে এল, প্রেম পশরা ল'য়ে শিরে ।।